

আইসিটি-২ শাখা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা	
তারিখ: ১১/১২/২০	
ডায়েরী নং- ১০১	
এআইজি (আইসিটি-২)	
অতিরিক্ত প্রোগ্রাম (আইসিটি-২)	
প্রোগ্রাম (আইসিটি-২)	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
www.police.gov.bd



স্মারক নং-৪৪.০১.০০০০.৯৭৮.৪০.০০১.২০২০- ১৪

তারিখ: ২৫ /পৌষ/১৪২৭ বঙ্গাব্দ
২০ /জানুয়ারি/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জননিরাপত্তা বিভাগ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এ ক্রমিক ৮.১ মোতাবেক স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) তথ্য বাতায়নে প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জননিরাপত্তা বিভাগ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ক্রমিক ৮.১ মোতাবেক স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) তথ্য বাতায়নে প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে।

এমতাবস্থায়, ইনোভেশন এন্ড বেস্ট প্র্যাকটিস শাখা কর্তৃক প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর ক্রমিক ৮.১ মোতাবেক স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাংলাদেশ পুলিশ ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-১২ পাতা।


(মোঃ মনিরুজ্জামান)

বিপি-৭৮০৬১১৯৭৩৮

এআইজি (ইনোভেশন এন্ড বেস্ট প্র্যাকটিস)

বাংলাদেশ পুলিশ

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

ফোন-৮৮০-২-৯৫৬৮২৬১

Email-aiginnov_bp@police.gov.bd

বিতরণ:

এআইজি (আইসিটি-২)

বাংলাদেশ পুলিশ

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
www.police.gov.bd

১. ভিশন ও মিশন:

ভিশন (Vision):

সকল নাগরিককে সেবা প্রদান করা এবং বসবাস ও কর্মোপযোগী নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা।

মিশন (Mission) :

- আইনের শাসন সমুন্নত রাখা।
- সকল নাগরিকের নিরাপত্তা সুনিশ্চিতকরণ।
- জনগণের অংশিদারিত্বের (Community Partnership) ভিত্তিতে সামাজিক শান্তি রক্ষা।
- অপরাধ চিহ্নিতকরণ ও প্রতিরোধ।
- আইন লংঘনকারীকে বিচারের আওতায় আনা।
- শান্তি ও জনশৃঙ্খলা রক্ষা।
- জনগণকে সুরক্ষা, সাহায্য ও সেবা প্রদান এবং আশ্বস্তকরণ।
- সমব্যয়ী, বিনম্র এবং ধৈর্যশীল হওয়া।
- অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ এবং উন্নততর কর্মসম্পাদনের পন্থা অন্বেষণ।
- বিভিন্ন সংস্থার সাথে সমন্বয়সাধন।

